



একটি পাগলের গল্প

জয়ন্তী চট্টোপাধ্যায়

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

দণ্ডিরহাট আমতলার মোড় লোকে লোকারণ্য। বাদাম গাছের গায়ে পিছমোড়া করে বেঁধে রাখা হয়েছে ভোম্বল পাগলকে। লক্ষ্মী - কান্ত ভ্যানওয়ালাকে পাঠানো হয়েছে হাসপাতালে। ও অজ্ঞান হয়ে আছে। রক্তে ভেসে যাচ্ছে চায়ের দেয়ালের ধরাট। পাগলটাও মার খেয়েছে বেহুদ। উত্তেজিত জনগণ। কিন্তু একটা রহস্য কেউ ভেদ করতে পারছেন না। ভোম্বলের মতো অ্যাতো ঠাণ্ডা মাথার পাগল নিমেষের মধ্যে অ্যাতো উগ্র হয়ে উঠলো কেন, আর বাঁশেরবাড়িমেরে লক্ষ্মীকান্তের মাথা-ই বা ফাটিয়ে দিলো কেন? আবালবৃদ্ধবণিতা ভোম্বলের পিছনে লাগে, কিন্তু ভোম্বল কোনদিনও রাগে না। আর পাঁচজনের মতো লক্ষ্মীকান্তও তাকে চা - পাঁউটি খাওয়ায়।

ভোম্বলের এই মূর্তি আগে কেউ দ্যাখেনি। মাথার পেছনটা গাছের গায়ে ঠুকছে আর সামনে বলে চলেছে, আমারে তোর ছাড়া একবার হাসপাতালে গে, ওরে খুন করে আসি। যে কথা আমারে কেউ ককখনো বলতি পারিনি, আজ লক্ষ্মীকান্ত কিনা সেই কথা বললে! আমার অ্যাটা পেস্টিচ নেই! অ্যাতো সাহস ওরে দেলে কেডা?

এলাকার বহুলোক চেষ্টা করল ভোম্বলকে শান্ত করতে আর লক্ষ্মীকান্তকে মারার কারণ জানতে। কিন্তু ভোম্বলের একটাই কথা, অ্যাতো বড় কথা মান্ধিরি বলতি পারে!

কোন কথায় ভোম্বলের দুনিয়া রসাতলে গেল তা শেষবারের মতো জানতে চাইল ভোম্বলের প্রিয়পাত্র চৌধুরী বাড়ীর বড় খোকন। ভোম্বলের সেই একই কথা, সে কথা শুনলি তোমার মরা চোদ্দপুষ ওয়াক টানতি লাগবে। থানার লোক ছাড়া সে কথা আমি কার সংগে বলতি পারবো না।

অ্যাটেম্পট্ টু মার্ডার জানিয়ে থানায় খবর দেওয়া হল। রাগে এতটুকু ভাটা পড়ল না ভোম্বলের। ঘন্টাখানেক বাদে এলো পুলিশের গাড়ী। কয়েকজন কনস্টেবল পরিবেষ্টিত হয়ে থানার ও. সি. এগিয়ে এলেন ভোম্বলের দিকে। জিগ্যেস করলেন, লক্ষ্মীকান্ত তোকে কী এমন অপমানজনক কথা বলেছে যে তুই ওর মাথায় বাঁশের বাড়ি মারলি? ভোম্বল ফুঁসতে ফুঁসতে বলল, এদিকি এগিয়ে আসুন। সে গালাগালি আমি ভদ্রলোকদের সামনে চ্যাঁচিয়ে বলতি পারবো না।

কৌতূহলে এগিয়ে যান ও. সি.। তাঁর চোখে রেখে ভোম্বল গলা ফুলিয়ে বলে, জানেন, ওই ভ্যানওয়ালার কী আসপদা! আমারে মার, ধর, খিস্তি কর, চোরাকারবারি বল, চোর - ডাকাত বল, উগ্রপন্থী বল, নেতা বল, মন্ত্রী বল, আমি তাও সহ্য করবো। কিন্তু নিববুংশের বেটা আমারে বলে কিনা পুলিশ!

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)